

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.৪৩.২১.২০১৪- ৪৮০

তারিখ : ২১ বৈশাখ, ১৪২৩বাং
০৩ মে, ২০১৭ইং


বিষয় : অফিস ভাড়া প্রসংগে।

সূত্রঃ ৩৪.০১.৪৪৩৩.০০০.১৪.০০৩.১৬-৪২, তারিখ ২৫-০৪-২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের মাধ্যমে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায়-১ম সংশোধিত)” [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT) (Phase-2) (1st Revised)]-শীর্ষক প্রকল্পের আওতাভুক্ত কালিগঞ্জ, বিনাইদহ উপজেলার মাসিক অফিস ভাড়া ২০০০/- (দুই হাজার) টাকা অনুমোদনের জন্য অনুরোধ করা হয়েছে। নথি পরীক্ষণে দেখা যায় ভাড়া অফিস নেয়ার বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের প্রাক অনুমোদন নেয়া হয়নি। অফিস ভাড়ার বিষয়ে অত্র প্রকল্পের স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.৪৩.২১.২০১৪-৩৯২, তারিখ ১৯-০৪-২০১৬খ্রিঃ এর মাধ্যমে যথাযথ নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, প্রধান কার্যালয়ের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক অফিস ভাড়ার প্রস্তাব (সরকারী রেটের মধ্যে সীমাবদ্ধ রেখে পৃথক পৃথক ভাবে কক্ষ, বারান্দা, সিঁড়ি এবং বার্ষিকের আয়তনসহ) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

প্রাপক,
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
কালিগঞ্জ, বিনাইদহ।


(মোঃ আঃ হামিদ খান)
প্রকল্প পরিচালক
ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প
ফোন-৯৫৮৮৩৯২

E-mail: pdImpactphase2dyd@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কালিগঞ্জ, বিনাইদহ
- ✓ ০২। প্রোগামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (তাকে পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/ উপজেলা বায়োগ্যাস সাব-এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার.....উপজেলা-----জেলা।
- ০৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd



স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.৪৩.২১.২০১৪-৩৯২

তারিখঃ ০৬ বৈশাখ, ১৪২৩বাং
১৯ এপ্রিল, ২০১৬খ্রিঃ

বিষয়ঃ অফিস কক্ষ ভাড়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায়-১ম সংশোধিত)” [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT) (Phase-2) (1st Revised)]-শীর্ষক প্রকল্পের বিভিন্ন কার্যালয় হতে অফিস ভাড়ার প্রস্তাব গণপূর্ত বিভাগের সরকারী পরিপত্র (কপি সংযুক্ত) মোতাবেক প্রেরণ না করায় অফিস ভাড়া অনুমোদন প্রদান করা সম্ভব হচ্ছে না। পরিপত্র-এ এলাকাভিত্তিক প্রস্তাবিত অফিসের কক্ষ/বারান্দা/সিঁড়ি/টয়লেট/মোজাইক/টাইলস/রেডঅক্লাইড গ্যারেজ/বহির্বাটি ইত্যাদির জন্য বর্গফুট প্রতি পৃথক পৃথক রেট নির্ধারিত আছে।

এমতাবস্থায় আপনার প্রস্তাবিত অফিস ভাড়ার বিবরণ ও গণপূর্ত বিভাগের নির্ধারিত রেটের সাথে সামঞ্জস্য রেখে নিম্নবর্ণিত ছকে প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলোঃ

নং	বিবরণ	কক্ষের মোট আয়তন (বর্গফুট)	ফ্লোরের ধরণ (প্রতি বর্গফুটের মূল্য)	মোট মূল্য
০১.	কক্ষ ও গোসলখানা			
০২.	বারান্দা			
০৩.	সিঁড়ি			
০৪.	টয়লেট			
০৫.	গ্যারেজ			
০৬.	বহির্বাটি			

০২। বিষয়টি অতীব জরুরী।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,
যুব উন্নয়ন অধিদপ্তর,

-----উপজেলা-----জেলা।

M. M. 22/8/2016
(মোঃ আঃ হামিদ খান)
প্রকল্প পরিচালক
ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প
ফোন-৯৫৮৮৩৯২

E-mail:pdImpactphase2dyd@gmail.com

অনুলিপি সদয় অবগতি জন্য :

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, -----জেলা।
- ০২। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (তাকে পত্রটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/ উপজেলা বায়োগ্যাস সাব-এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার, ইমপ্যাক্ট(ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, -----উপজেলা-----জেলা।
- ০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৫। অফিস কপি।